# বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)
## প্রতিরক্ষা মন্ত্রণালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা -১২০৭
www.sparrso.gov.bd

৩ ফাল্গুন ১৪২৮

নম্বর : ২৩.০৪.০০০০.০০৮.১১.০০৩.২১.৩১৩ তারিখ :----------------------

১৬ ফেব্রুয়ারি ২০২২

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসব জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১। | মেকানিক/প্লাম্বার<br>বেতন: জাতীয় বেতনস্কেল, ২০১৫;<br>টা: ৯,৩০০-২২,৪৯০/-(গ্রেড-১৬) | ০২ টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগ হইতে ২য় বিভাগে উত্তীর্ণসহ স্বীকৃত বোর্ড কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ট্রেড সার্টিফিকেট প্রাপ্ত। | ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, জামালপুর, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, জয়পুরহাট, বগুড়া, খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরগুনা, পটুয়াখালী |
| ২। | ড্রাইভার<br>বেতন: জাতীয় বেতনস্কেল, ২০১৫;<br>টা: ৯,৩০০-২২,৪৯০/-(গ্রেড-১৬) | ০১ টি | অষ্টম শ্রেণী পাশসহ ভারী গাড়ী চালানোর বৈধ লাইসেন্স। | |
| ৩। | অফিস সহায়ক<br>বেতন: জাতীয় বেতনস্কেল, ২০১৫;<br>টা: ৮,২৫০-২০,০১০/-(গ্রেড-২০) | ০১ টি | অষ্টম শ্রেণী পাস। | গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, জয়পুরহাট, বগুড়া, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর, বরগুনা, পটুয়াখালী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ |
| ৪। | নিরাপত্তা প্রহরী<br>বেতন: জাতীয় বেতনস্কেল, ২০১৫;<br>টা: ৮,২৫০-২০,০১০/-(গ্রেড-২০) | ০১ টি | অষ্টম শ্রেণী পাস। | |
| | মোট | ৫ টি | | |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়:**

**১। প্রার্থীকে http://sparrso.teletalk.com.bd এই ওয়েব লিংকে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র অনলাইনে পূরণ করতে হবে।**

**২। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী**

(ক) **আবেদনের সময় সীমা নিম্নরূপঃ**

(i) Online-এ আবেদন পত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৩/০২/২০২২খ্রি. তারিখ সকাল ১০:০০টা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ১৬/০৩/২০২২খ্রি. তারিখ বিকাল ৫:০০টা।

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিণ ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে *যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/ স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন।* উল্লেখ্য যে, *আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।* Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ১-২ নম্বর ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ২০০/-(দুইশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ২৪/-(চব্বিশ) টাকা অফেরতযোগ্য মোট ২২৪/-(দুইশত চব্বিশ) টাকা এবং ৩-৪ নম্বর ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ১২/-(বার) টাকা অফেরতযোগ্য মোট ১১২/-(একশত বার) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: **SPARRSO<Space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **SPARRSO ABCDEF** & send to 16222

Reply Applicant's Name, TK.224/112 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay Fee Type **SPARRSO Yes PIN** and send to 16222.

দ্বিতীয় SMS: **SPARRSO <Space>Yes<Space>PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **SPARRSO Yes 12345678** & send to 16222

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for SPARRSO

Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://sparrso.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নাম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **SPARRSO**<Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to 16222.

Example: SPARRSO Help USER ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে **SPARRSO**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** and Send to 16222

Example: SPARRSO Help PIN 12345678 & send to 16222

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), www.sparrso.gov.bd এর ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য http://sparrso.teletalk.com.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা admin@sparrso.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: SPARRSO, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**৩। বয়সসীমা :** ১৬/০২/২০২২ **তারিখে বয়স:**

ক) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩০ বছর পর্যন্ত।

খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ হতে ৩২ বছর পর্যন্ত।

৪। **জাতীয়তা :**

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

৬। **মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :**

ক) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা অথবা পুত্র-কন্যাদের পুত্র-কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হতে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ২ কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

খ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ২টি সত্যায়িত কপি। উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের উপযুক্ত পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

গ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদফতরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এর সত্যায়িত কপি।

ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঙ) তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি।

চ) আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ছ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উপরোল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে।

৭। ৬ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য ও কাগজপত্রসহ অন্যান্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৮। অনলাইন-এ পূরণকৃত বীর মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

৯। কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১০। আবেদনপত্রে নাম, জন্মতারিখ ও অন্য কোনোরূপ substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। substantive ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে।

১১। স্থায়ী ঠিকানায় প্রার্থী কর্তৃক উল্লিখিত জেলার প্রার্থী হিসাবে প্রার্থীর পরীক্ষার ফলাফল নির্ধারণ করা হবে। আবেদনপত্র জমাদানের পর সঙ্গত কারণে প্রার্থীর স্থায়ী ঠিকানার পরিবর্তন হলেও আবেদনে উল্লিখিত জেলার ভিত্তিতেই প্রার্থীর ফলাফল নির্ধারিত হবে।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৩। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

১৫। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী স্পারসোর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে ডাকযোগে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

**১৬। ডিক্লারেশন :**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

২৬/02/2022

জালাল উদ্দিন আহমেদ
পরিচালক
ফোন : ০২-৪৮১১৮৫৮১
ই-মেইল : admin@sparrso.gov.bd